

ছাত্রছাত্রীদের বিজ্ঞানমনস্ক করতে বিজ্ঞান মন্ত্রণালয়ে উদ্যোগ

স্কুলের ছাত্রছাত্রীদের মধ্যে বিজ্ঞান বিষয়ে সচেতনতা সৃষ্টি এবং তাদেরকে বিজ্ঞানমনস্ক করার পক্ষে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে।

সাতারহু পরমাণু গবেষণা কেন্দ্রে এ কর্মসূচির উদ্বোধন করেন বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রী ড. আব্দুল মঈন খান। কর্মসূচিতে অংশ নেয় ঢাকার ভিকারুন্নিসা নূন স্কুল, অগ্রণী বালিকা বিদ্যালয়, বিসিএসআইআর স্কুল এবং সাতারহু বিএআরই স্কুলের ছাত্রীরা।

উদ্বোধন অনুষ্ঠানে বিজ্ঞান ও আইসিটি

সচিব কারার মাহমুদুল হাসান, যুগ্ম সচিব ডা. খাদিজা বেগম, বিসিএসআইআর চেয়ারম্যান প্রফেসর ড. আমজাদ হোসেন, ব্যালডক-এর পরিচালক পি.এ.এস. এম জাকরুন্নাহ এবং স্কুলছাত্রীদের পক্ষে কয়েকজন বক্তৃতা করেন। এতে সভাপতিত্ব করেন বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যান প্রফেসর ড. নঈম চৌধুরী।

মন্ত্রী গত বৃহস্পতিবার থেকে গবেষণাগারগুলোতে স্কুল স্যাম্পল ইউনিট স্থাপনের ঘোষণা দেন। তিনি বলেন, স্কুলের উৎসাহী ছাত্রছাত্রীরা বিনামূল্যে এই ইউনিটে গবেষণা করতে পারবে। তিনি বলেন, সম্পদের সীমাবদ্ধতা ষেণা বিকাশের পথে অন্তরায় সৃষ্টি করতে পারবে না। তিনি বলেন, প্রধানমন্ত্রী খালেদা জিয়ার নেতৃত্বে বর্তমান সরকার বিজ্ঞান ও আইসিটি খাতের উন্নয়নে অগ্রাধিকার প্রদান করেছে। ড. মঈন খান তার বক্তব্য বলেন, পাকিস্তানের বিভিন্ন দেশে এ ধরনের কর্মসূচি রয়েছে কিন্তু আমাদের দেশে এ ধরনের কোনো উদ্যোগ পূর্বে গ্রহণ করা হয়নি। তিনি বলেন, বিংশ শতাব্দীতে বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে যেসব দেশ পিছিয়ে ছিল তারা সামগ্রিকভাবেই পঞ্চাশপদতার সম্মুখীন হয়েছে। নতুন সহস্রাব্দে বিজ্ঞান ও প্রযুক্তি বিশেষ করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে জাতির উন্নতি নিশ্চিত করার চ্যালেঞ্জ আমাদের সামনে রয়েছে বলে তিনি উল্লেখ করেন।

পরে ছাত্রীরা সাতারহু পরমাণু গবেষণা কেন্দ্রে পরিদর্শন করে এবং বিকেলে ঢাকার বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের গবেষণাগার পরিদর্শন করে। তথ্য বিবরণী।